ডীন কার্যালয়

এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
ঢাকা-১২০৭, বাংলাদেশ
ই-মেইল ঃ dean.asvm@sau.edu.bd

Office of the Dean

Faculty of Animal Science & Veterinary Medicine
Sher-e-Bangla Agricultural University
Dhaka-1207, Bangladesh
E-mail :dean.asvm@sau.edu.bd
Phone :+88-02-44814052

স্মারক নং-শেকৃবি/এএসভিএম-অনুঃ/২০২০/১৯৪ তারিখ ঃ ০২-১২-২০২০

সভার কার্যবিবরণী

গত ০১-১২-২০২০ তারিখ, রোজ ঃ মঙ্গলবার, সকাল ১০:০০ ঘটিকায় এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের লেভেল-৫, সেমিস্টার-২ (জুলাই-ডিসেম্বর/১৯) ও B. Sc. Vet. Sci. & A.H. কোর্সের চূড়ান্ত ফলাফল প্রকাশ এবং বিবিধ বিষয়ে অত্র অনুষদের ১০টি বিভাগের বিভাগীয় চেয়ারম্যানদের সমন্বয়ে অনুষদীয় ডীন প্রফেসর ড. মোঃ আনোয়ারুল হক বেগ এর সভাপতিত্বে অনলাইন প্লাটফর্মে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অত্র অনুষদের বিভাগীয় চেয়ারম্যানবৃন্দের নাম, পদবী, বিভাগ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

নং	নাম, পদবী ও বিভাগ	Zoom এর উপস্থিতি
০১	ড. মোঃ আনোয়ারুল হক বেগ, চেয়ারম্যান ও অধ্যাপক, পোল্ট্রি বিজ্ঞান বিভাগ	উপস্থিত
০২	ড. মোঃ মোফাজ্জল হোসাইন, চেয়ারম্যান ও অধ্যাপক, এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক্স এন্ড ব্রিডিং বিভাগ	উপস্থিত
০৩	ড. মোঃ জাহাঙ্গীর আলম, চেয়ারম্যান ও অধ্যাপক, এনিম্যাল প্রোডাকশন এন্ড ম্যানেজমেন্ট বিভাগ	উপস্থিত
০৪	ড. কে, বি, এম, সাইফুল ইসলাম, চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক, মেডিসিন এন্ড পাবলিক হেলথ বিভাগ	উপস্থিত
০৫	ড. মোঃ সাইফুল ইসলাম (রাসেল), চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক, এনাটমি, হিস্টোলজি এন্ড ফিজিওলজি	উপস্থিত
০৬	ড. উদয় কুমার মহন্ত, চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক, মাইক্রোবায়োলজি এন্ড প্যারাসাইটোলজি বিভাগ	উপস্থিত
০৭	জনাব আশিকুর রহমান, চেয়ারম্যান ও সহকারী অধ্যাপক, ডেইরি বিজ্ঞান বিভাগ	উপস্থিত
০৮	ড. আমিনা খাতুন, চেয়ারম্যান ও সহকারী অধ্যাপক, প্যাথলজি বিভাগ	উপস্থিত
০৯	ডা. রূপালী আক্তার, চেয়ারম্যান ও সহকারী অধ্যাপক, ফার্মাকোলজি এন্ড টক্সিকোলজি বিভাগ	অনুপস্থিত
১০	অধ্যাপক ড. মোঃ শহীদুর রশীদ ভূঁইয়া, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), সার্জারি এন্ড থেরিওজেনোলজি বিভাগ	প্রতিনিধি উপস্থিত
১১	কৃষিবিদ মোঃ জাহিদ খান, ডেপুটি পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা শাখা	উপস্থিত

সভার শুরুতে ডীন মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করেন। আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা-পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

সিদ্ধান্তসমূহ ঃ

সিদ্ধান্ত-১ ঃ এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের লেভেল-৫, সেমিস্টার-২ (জুলাই-ডিসেম্বর/১৯) এর ফলাফল ও তাদের চূড়ান্ত ফলাফল প্রকাশ সংক্রান্ত বিষয়ে অনলাইন প্লাটফর্মে উপস্থিত বিভাগীয় চেয়ারম্যানদের মাঝে বিশদ আলোচনা-পর্যালোচনা হয় এবং উক্ত আলোচনান্তে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের টেবুলেটেড ফলাফল প্রকাশের জন্য মাননীয় ভাইস চ্যান্সেলর বরাবরে সদয় অনুমোদনের জন্য নথি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, উক্ত ফলাফলে মেক-আপ প্রাপ্ত একজন শিক্ষার্থীকে ১টি উপযুক্ত গবেষণা কাজ দিয়ে এক মাসের মধ্যে তা সম্পন্ন করার নিমিত্তে সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সুপারভাইজারকে অনুরোধ করা যাচ্ছে।

সিদ্ধান্ত-২ ঃ অত্র অনুষদের আসন্ন লেভেল-৫, সেমিস্টার-২ (জুলাই-ডিসেম্বর/২০) এর শিক্ষার্থীদের ইন্টার্ণশীপ প্রোগ্রাম-২০২০ সার্বিক পরিচালনার নিমিত্তে উপস্থিত চেয়ারম্যানদের মতামতের প্রেক্ষিতে পরবর্তী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিম্নোক্ত দুইজন শিক্ষককে কো-অর্ডিনেটর হিসেবে মনোনয়ন প্রদানের জন্য মাননীয় ভাইস চ্যান্সেলর বরারর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ক) ড. মোহাম্মদ সাইফুল ইসলাম, সহযোগী অধ্যাপক (এনিম্যাল প্রোডাকশন সংশ্লিষ্ট কো-অর্ডিনেটর), এনিম্যাল প্রোডাকশন এন্ড ম্যানেজমেন্ট বিভাগ, শেকৃবি, ঢাকা।

(খ) ড. মোঃ মোশারফ হোসাইন, সহযোগী অধ্যাপক (এনিম্যাল হেলথ্ সংশ্লিষ্ট কো-অর্ডিনেটর), এনাটমি, হিস্টোলজি এন্ড ফিজিওলজি বিভাগ, শেকৃবি, ঢাকা।

ডীন কার্যালয়
এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
ঢাকা-১২০৭, বাংলাদেশ
ই-মেইল ঃ dean.asvm@sau.edu.bd

Office of the Dean
Faculty of Animal Science & Veterinary Medicine
Sher-e-Bangla Agricultural University
Dhaka-1207, Bangladesh
E-mail :dean.asvm@sau.edu.bd
Phone :+88-02-44814052

সিদ্ধান্ত-৩ ঃ এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ইন্টার্ণশীপ নীতিমালা ২০১৬ এর প্রয়োজনীয় সার্বিক সংশোধনী আনায়নের জন্য নিম্নোক্ত পাঁচ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হলো।

ক্রঃ নং	নাম ও পদবী	বিভাগ	কমিটিতে অবস্থান
০১	অধ্যাপক ড. মোঃ মোফাজ্জল হোসাইন	এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক্স এন্ড ব্রিডিং	আহ্বায়ক
০২	ড. কে, বি, এম, সাইফুল ইসলাম, সহযোগী অধ্যাপক	মেডিসিন এন্ড পাবলিক হেলথ	সদস্য
০৩	ড. মোহাম্মদ সাইফুল ইসলাম, সহযোগী অধ্যাপক	এনিম্যাল প্রোডাকশন এন্ড ম্যানেজমেন্ট	সদস্য
০৪	ড. মোঃ মোশারফ হোসাইন, সহযোগী অধ্যাপক	এনাটমি, হিস্টোলজি এন্ড ফিজিওলজি	সদস্য
০৫	ড. উদয় কুমার মহন্ত, সহযোগী অধ্যাপক	মাইক্রোবায়োলজি এন্ড প্যারাসাইটোলজি	সদস্য-সচিব

কার্যপরিধি ঃ সংশ্লিষ্ট কমিটি ইন্টার্ণশীপ নীতিমালা ২০১৬ এর প্রয়োজনীয় সংশোধনী আনায়ন করে একটি পূর্ণাঙ্গ খসড়া নীতিমালা প্রণয়ন করতঃ আগামী ১০ কার্যদিবসের মধ্যে ডীন বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সর্বশেষে, সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে,

(প্রফেসর ড. মোঃ আনোয়ারুল হক বেগ)
ডীন
এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ
শেকৃবি, ঢাকা-১২০৭

অনুলিপি ঃ
০১। বিভাগীয় চেয়ারম্যান, এনিম্যাল প্রোডাকশন এন্ড ম্যানেজমেন্ট/পোল্ট্রি বিজ্ঞান/এনিম্যাল নিউট্রিশন, জেনেট্রিক্স এন্ড ব্রিডিং/ডেইরি বিজ্ঞান/এনাটমি, হিস্টোলজি এন্ড ফিজিওলজি/মাইক্রোবায়োলজি এন্ড প্যারাসাইটোলজি/মেডিসিন এন্ড পাবলিক হেলথ/প্যাথলজি/সার্জারি এন্ড থেরিওজেনোলজি/ফার্মাকোলজি এন্ড টক্সিকোলজি বিভাগ, শেকৃবি, ঢাকা।
০২। পরিচালক, তথ্য ও যোগাযোগ কেন্দ্র, শেকৃবি, ঢাকা (অত্র সভার কার্যবিবরণীটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৩। পরীক্ষা নিয়ন্ত্রক, শেকৃবি, ঢাকা।
০৪। পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
০৫। পিএ টু ট্রেজারার/রেজিস্ট্রার (ট্রেজারার/রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
০৬। অফিস কপি।